যুগান্তর

তারিখ: 13 SEP 2017
পৃষ্ঠা 2 কলাম 6

## নবাবগঞ্জ সোনাহাজরা মুফিজিয়া মাদ্রাসা

# অধ্যক্ষের বিরুদ্ধে অনিয়মের অভিযোগ : মানববন্ধন বিক্ষোভ

**যুগান্তর রিপোর্ট**, *নবাবগঞ্জ*

ঢাকার নবাবগঞ্জ উপজেলার চুড়াইন ইউনিয়নে সোনাহাজরা মুফিজিয়া ফাজিল (ডিগ্রি) মাদ্রাসার অধ্যক্ষ কেএম মাহমুদুল হাসানের বিরুদ্ধে স্বেচ্ছাচারিতা ও ব্যাপক অনিয়মের অভিযোগে মানববন্ধন ও বিক্ষোভ মিছিল হয়েছে। মঙ্গলবার বেলা ১১টা থেকে এলাকাবাসী, ছাত্র-শিক্ষক ও অভিভাবকরা মাদ্রাসা প্রাঙ্গণে সমবেত হতে থাকেন। এ সময় তারা অধ্যক্ষ, পরিচালনা পর্ষদের সভাপতি ও অন্য কর্মকর্তাদের অপসারণ দাবিতে বিক্ষোভ করতে থাকেন। পরে ক্ষিপ্ত জনসাধারণ অধ্যক্ষের বাসভবন ও অফিসে তালা দেন।

স্থানীয় প্রবীণ ব্যক্তিদের অনুরোধে পরিবেশ কিছুটা নিয়ন্ত্রণে এলে উপস্থিত জনতার উদ্দেশে মাদ্রাসার প্রতিষ্ঠাতা হযরত ইসমাইল কারীর (র.) নাতি মুফতি মিজানুর রহমান বলেন, ঢাকা জেলার এই ঐতিহ্যবাহী ধর্মীয় শিক্ষাপ্রতিষ্ঠানটি বর্তমান অধ্যক্ষ কেএম মাহমুদুল হাসানের স্বেচ্ছাচারিতা ও ব্যাপক অনিয়মের কারণে ডুবতে বসেছে। পরিচালনা পর্ষদের কোনো জবাবদিহিতা নেই। কোনো সরকারি নিয়ম-নীতির তোয়াক্কা করেন না তিনি। আমাদের সবাইকে ঐক্যবদ্ধ হয়ে সঠিক নিয়ম অনুসরণ করে পরিচালনা কমিটি গঠনসহ মাদ্রাসা থেকে দুর্নীতি হটাতে হবে। এ সময় উত্তেজিত জনতা অধ্যক্ষের বিরুদ্ধে নানা ধরনের স্লোগান দিতে থাকেন ও মাদ্রাসার শিক্ষকরা অনির্দিষ্টকালের জন্য কর্ম বিরতির ঘোষণা দেন।

পরে উপস্থিত ঢাকা জেলা পরিষদ সদস্য ওয়াহিদুজ্জামান রনি এবং এসএম সাইফুল ইসলাম উপজেলা নির্বাহী কর্মকর্তা ও মাদ্রাসা সংশ্লিষ্ট সরকারি কর্মকর্তাদের সঙ্গে চলমান সংকট নিরসনে কথা বলেন। সভায় পরিচালনা পর্ষদের সদস্য রেজাউর রহমান রেজা তিন দিনের মধ্যে সভাপতির সঙ্গে আলোচনা করে সমস্যা সমাধানের চেষ্টা করবেন বলে উপস্থিত জনসাধারণকে আশ্বাস দিলে পরিবেশ কিছুটা অনুকূলে আসে। সভা শেষে ছাত্র-শিক্ষক ও অভিভাবকরা সম্মিলিতভাবে একটি মিছিল বের করেন। মিছিলটি মাদ্রাসা এলাকার প্রধান সড়কগুলো প্রদক্ষিণ করে।

মাদ্রাসা পরিচালনা পর্ষদের সভাপতি নাসির উদ্দিন আহাম্মেদ ঝিলু বলেন, অধ্যক্ষের বিরুদ্ধে আনা অভিযোগ তদন্ত করে দেখা হবে। প্রমাণিত হলে অবশ্যই বিধি মোতাবেক তার বিরুদ্ধে ব্যবস্থা নেয়া হবে।

ব্যানবেইস
পরিচালকের কার্যালয়
প্রাপ্তি নং.............................
তারিখ.............................
সিস্টেম এনালিষ্ট
সিস্টেম ম্যানেজার
পি.এ.
কার্যার্থে/জ্ঞাতার্থে
স্বাক্ষর